

বিনোদন

সাত মাসের অন্তঃসত্ত্বা হয়েও অ্যাকশন দৃশ্যে দীপিকা



প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

দ্বিতীয় সন্তানের অপেক্ষায় রয়েছেন বলিউড অভিনেত্রী দীপিকা পাডুকোন। তবে মাতৃত্বের এই সময়েও থেমে নেই তাঁর কাজ।

অন্তঃসত্ত্বা অবস্থাতেই নতুন সিনেমা 'রাকা'-র শুটিংয়ে ব্যস্ত সময় পার করছেন তিনি। এমনকি সাত মাসের অন্তঃসত্ত্বা হয়েও অ্যাকশন দৃশ্যের শুটিং এবং রাতের শিফটে কাজ করছেন এই অভিনেত্রী।

ভ্যারাইটি ইন্ডিয়ার এক প্রতিবেদনে বলা হয়েছে, মাতৃত্বকালীন ছুটিতে যাওয়ার আগে নিজের অংশের শুটিং শেষ করতে নিয়মিত কাজ করে যাচ্ছেন দীপিকা। নির্ধারিত সময়ের মধ্যেই শুটিং সম্পন্ন করার লক্ষ্যেই তাঁর এই ব্যস্ততা।

শুটিং ইউনিটের এক সদস্যের ভাষ্য, 'দীপিকাকে এমন পারফর্ম করতে দেখা সেটে থাকা সবার জন্য অনুপ্রেরণাদায়ক। মনে রাখতে হবে, বাড়িতে তাঁর দেড় বছরের একটি মেয়েও রয়েছে, যার প্রতিও সে পুরো মনোযোগ দেয়।'

প্রথম সন্তান দুয়ার জন্মের পর প্রতিদিন সর্বোচ্চ আট ঘণ্টা কাজ করার শর্ত নিয়ে আলোচনায় আসেন দীপিকা। সেই সিদ্ধান্ত ঘিরে বলিউডে ব্যাপক বিতর্কও তৈরি হয়েছিল।

বিভিন্ন ভারতীয় গণমাধ্যমের দাবি, এই শর্তের কারণেই সন্দীপ রেড্ডি ভাস্কার ‘স্পিরিট’ এবং ‘কল্কি ২’ থেকে তাঁকে বাদ দেওয়া হয়। যদিও এ বিষয়ে সংশ্লিষ্ট নির্মাতাদের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য দেওয়া হয়নি।

এদিকে ‘রাকা’ পরিচালনা করছেন ‘জওয়ান’ খ্যাত নির্মাতা অ্যাটলি কুমার। বিজ্ঞান কল্পকাহিনিনির্ভর এই সিনেমায় প্রথমবারের মতো জুটি বাঁধছেন আল্লু অর্জুন ও দীপিকা পাডুকোন। ছবিতে আরো অভিনয় করছেন রাশমিকা মান্দানা, জাহ্নবী কাপুর ও মৃণাল ঠাকুর।

সবকিছু ঠিক থাকলে আগামী বছর প্রেক্ষাগৃহে মুক্তি পাবে সিনেমাটি।

‘রাকা’র পাশাপাশি শাহরুখ খানের বহুল প্রতীক্ষিত সিনেমা ‘কিং-এও গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যাবে দীপিকাকে। ছবিটি চলতি বছর মুক্তি পাওয়ার কথা রয়েছে।

ব্যক্তিজীবনে ২০১৮ সালের ১৪ নভেম্বর ইতালির লেক কোমোতে কঙ্কনি ও সিন্ধি দুই ধর্মীয় রীতিতে বিয়ে করেন দীপিকা পাডুকোন ও রণবীর সিং। ২০২৪ সালের ৮ সেপ্টেম্বর তাঁদের প্রথম কন্যাসন্তান দুয়ার জন্ম হয়।

চলতি বছরের এপ্রিল মাসে দ্বিতীয় সন্তানের আগমনের সুখবর জানান এই তারকা দম্পতি। বর্তমানে গর্ভাবস্থার শেষ পর্যায়ে রয়েছেন দীপিকা। সবকিছু ঠিক থাকলে আগামী অক্টোবরেই তাঁদের পরিবারে আসতে পারে নতুন অতিথি।

এ বিভাগের আরও খবর



দশ বছর পর দাম্পত্যে ইতি টানলেন প্রীতম-শেহতাজ
দীর্ঘ ১০ বছরের সম্পর্ক ও দাম্পত্য জীবনের পর বিচ্ছেদের সিদ্ধান্ত নিয়েছেন সংগীতশিল্পী প্রীতম হাসান ও মডেল-অভিনেত্রী শেহতাজ মনিরা হাসেম। পারস্প...



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দার কালেভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি। বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীদের...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের ঐশিকার ঐ নায়ক
হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারচাকা প্রতিনিধি বৈষম্যনিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃশ্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক
এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃশ্ব হয়ে! সহজে টাকা আয়ের রত্ন হলে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/sat-maser-ontsttba-hyeo-ojakshn-drishje-dipika>